সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের
‘স্টুডেন্ট স্কলারশীপ ও ওয়েভার প্রদান নীতিমালা’, ২০২৩

১. **নামকরণঃ** এই নীতিমালা সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ‘স্টুডেন্ট স্কলারশীপ ও ওয়েভার প্রদান নীতিমালা’ হিসেবে অভিহিত হবে।

২. **সংজ্ঞাঃ** সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২০১৪ সালের ১২ অক্টোবর প্রতিষ্ঠা লাভ করে। কুমিল্লা জেলার শিক্ষাঞ্চল হিসেবে খ্যাত পর্যটন নগরী কোটবাড়িতে পাহাড়ঘেরা নান্দনিক পরিবেশে অবস্থিত সিসিএন ক্যাম্পাসে ড. মো. তারিকুল ইসলাম চৌধুরী বৃহত্তর কুমিল্লার প্রথম বেসরকারি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করেন। ২০১৫ সালে শিক্ষা কার্যক্রম শুরুর পর থেকেই শিক্ষার্থীবান্ধব বিভিন্ন কর্মসূচি গ্রহণের মাধ্যমে সিসিএন-ইউএসটি কার্যক্রম পরিচালনা করে আসছে। সমৃদ্ধ ল্যাবরেটরি, সমৃদ্ধ লাইব্রেরি, ফ্রি ওয়াইফাই জোন, ফ্রি ট্রান্সপোর্ট সুবিধা সহ বিভিন্ন ধরণের সুবিধা প্রদানের মাধ্যমে কুমিল্লা অঞ্চলে শিক্ষাক্ষেত্রে এক নবদিগন্তের সূচনা করার জন্যে এগিয়ে যাচ্ছে সিসিএন-ইউএসটি। বিভিন্ন সুবিধার পাশাপাশি এই জনপদের শিক্ষার্থীদের স্বল্প খরচে অধ্যয়নের সুযোগ সৃষ্টিসহ আর্থিকভাবে অসচ্ছল শিক্ষার্থী, মেধাবী শিক্ষার্থী, অনুন্নত অঞ্চলের মেধাবী শিক্ষার্থীদের টিউশন ফি’র উপর ওয়েভার প্রদানের মাধ্যমে তাঁদের লেখাপড়া চালিয়ে যাওয়ার সুযোগ তৈরি করে দেয়া হয়। বর্তমানে শিক্ষার্থীদের স্কলারশীপ ও ওয়েভার সুবিধা যথাযথভাবে প্রদানের লক্ষ্যে এই নীতিমালা প্রণীত হয়েছে।

৩. **নীতিমালার প্রাধান্যঃ** স্টুডেন্ট স্কলারশীপ ও ওয়েভার সংক্রান্ত বর্তমানে অন্য কোনো নীতিমালা/আদেশ যা কিছুই থাকুক না কেন, তা বাতিল বলে গণ্য হবে এবং এই নীতিমালা সিন্ডিকেট সভায় অনুমোদনের তারিখ হতে কার্যকর হবে।

৪. **স্কলারশীপ ও ওয়েভার এর ধরণসমূহঃ**

(১) ফলাফল ভিত্তিক ওয়েভার (নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের পূর্ববর্তী অ্যাকাডেমিক ফলাফলের উপর ভিত্তি করে)
(২) সেমিস্টারভিত্তিক জিপিএ’র উপর ওয়েভার (অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)
(৩) ভাই-বোন কোটা
(৪) ডিপ্লোমা সম্পন্নকৃত শিক্ষার্থী কোটা
(৫) বীর মুক্তিযোদ্ধার সন্তান কোটা (৩%)
(৬) প্রত্যন্ত অঞ্চলের মেধাবী অথচ দরিদ্র শিক্ষার্থী কোটা (৩%)
(৭) আর্থিক অসচ্ছলতায় প্রয়োজনভিত্তিক ওয়েভার
(৮) ড. মেসবাহউদ্দিন আহমেদ- মিসেস সানজিদা খানম স্কলারশীপ ফান্ড

৫. স্কলারশীপ ও ওয়েভার এর ধরণসমূহের বিবরণঃ

(১) ফলাফল ভিত্তিক ওয়েভার (নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের পূর্ববর্তী অ্যাকাডেমিক ফলাফলের উপর ভিত্তি করে)-

নতুন ভর্তিকৃত শিক্ষার্থীরা তাঁদের পূর্ববর্তী অ্যাকাডেমিক ফলাফল (এসএসসি/এইচএসসি) এর উপর ভিত্তি করে ওয়েভারপ্রাপ্ত হবে।

এসএসসি/এইচএসসি পাশকৃত শিক্ষার্থীদের ফলাফলভিত্তিক ওয়েভারের বিবরণঃ

এসএসসি/এইচএসসির ফলাফল	ওয়েভারের হার
জিপিএ ১০.০০	৫০%
জিপিএ ৯.০০+	৪০%
জিপিএ ৮.০০+	৩০%

তবে শর্ত থাকে যে,

- এই ওয়েভার শুধুমাত্র ১ম সেমিস্টারের জন্য প্রযোজ্য হবে।
- ১ম পর্বের জিপিএ যদি ৩.২৫ বা তদূর্ধ্ব হয়, এবং ৮০% উপস্থিতি নিশ্চিত হয়, তাহলে এই ওয়েভার অব্যাহত থাকবে।
- উল্লিখিত জিপিএ ও উপস্থিতি অর্জনে ব্যর্থ হলে ওয়েভার বাতিল বলে গণ্য হবে।

(২) সেমিস্টারভিত্তিক জিপিএ'র উপর ওয়েভার (অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)-

সেমিস্টার জিপিএ	ওয়েভারের হার
জিপিএ ৪.০০/৪.০০	১৫%
জিপিএ ৩.৯০-৩.৯৯	১০%

তবে শর্ত থাকে যে,

- এই ওয়েভার শুধুমাত্র ফলাফল অর্জনের পরবর্তী সেমিস্টারের জন্য প্রযোজ্য হবে।
- উল্লিখিত শিক্ষার্থী যদি পূর্বে কোনো ওয়েভার প্রাপ্ত হয়ে থাকে, তবে ঐ শিক্ষার্থী যে কোনো একটি ওয়েভার সুবিধা গ্রহণ করতে পারবে। একই সময়ে একাধিক ওয়েভার সুবিধা গ্রহণ করতে পারবেনা।

(৩) ভাই-বোন কোটা

ভাই-বোন একসাথে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হলে উভয়ে টিউশন ফি'র উপর ১০% ওয়েভার প্রাপ্ত হবে। যদি দুইজনের মধ্যে একজন পূর্বে ভর্তি হয় এবং অপরজন পরবর্তীতে ভর্তি হয়, সে ক্ষেত্রে পূর্ববর্তীজন চলমান সেমিস্টার থেকে ওয়েভার প্রাপ্ত হবে।

তবে শর্ত থাকে যে,

- প্রতি পর্বে জিপিএ ৩.২৫ বজায় রাখতে হবে।

(৪) ডিপ্লোমা সম্পন্নকৃত শিক্ষার্থী কোটা

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড স্বীকৃত কোনো প্রতিষ্ঠান থেকে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা সম্পন্নকৃত শিক্ষার্থীরা সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভর্তি হলে টিউশন ফি'র উপর ৩০% ওয়েভার প্রাপ্ত হবে।

তবে শর্ত থাকে যে,

- প্রতি পর্বে জিপিএ ৩.২৫ বজায় রাখতে হবে।
- প্রতি পর্বে উপস্থিতি ৮০% নিশ্চিত করতে হবে।

(৫) বীর মুক্তিযোদ্ধার সন্তান কোটা

বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাদের সন্তানরা সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভর্তি হলে টিউশন ফি'র উপর ১০০% ওয়েভার প্রাপ্ত হবে। তবে, এই কোটায় ওয়েভারপ্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা প্রতি সেমিস্টারে মোট আসন সংখ্যার ৩% (তিন শতাংশ) এর বেশি হবেনা।

তবে শর্ত থাকে যে,

- প্রতি পর্বে জিপিএ ৩.২৫ বজায় রাখতে হবে।
- প্রতি পর্বে উপস্থিতি ৮০% নিশ্চিত করতে হবে।
- বীর মুক্তিযোদ্ধা হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রদত্ত সনদপত্র ও গেজেটেড তালিকার অনুলিপিতে উল্লিখিত নামের অংশ হাইলাইট করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

(৬) প্রত্যন্ত অঞ্চলের মেধাবী অথচ দরিদ্র শিক্ষার্থী কোটা

প্রত্যন্ত অঞ্চলের মেধাবী অথচ দরিদ্র শিক্ষার্থীরা সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভর্তি হলে টিউশন ফি'র উপর ১০০% ওয়েভার প্রাপ্ত হবে। তবে, এই কোটায় ওয়েভারপ্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা প্রতি সেমিস্টারে মোট আসন সংখ্যার ৩% (তিন শতাংশ) এর বেশি হবেনা।

তবে শর্ত থাকে যে,

- প্রতি পর্বে জিপিএ ৩.২৫ বজায় রাখতে হবে।
- প্রতি পর্বে উপস্থিতি ৮০% নিশ্চিত করতে হবে।
- আবেদনপত্রের সাথে পারিবারিক বার্ষিক আয়ের প্রমাণক ও ভিজিএফ কার্ডের ফটোকপি সংযুক্ত করতে হবে।

(৭) আর্থিক অসচ্ছলতায় প্রয়োজনভিত্তিক ওয়েভার

সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের 'স্টুডেন্ট স্কলারশীপ ও ওয়েভার প্রদান নীতিমালা'র অনুচ্ছেদ ৪ এ বর্ণিত ১-৫ পর্যন্ত বর্ণিত স্কলারশীপে কোনো শিক্ষার্থী যদি আবেদনের উপযোগী না হয়, কিন্তু শিক্ষার্থী বা পরিবারের আর্থিক অসচ্ছলতা থাকে, তাহলে প্রয়োজনভিত্তিক ওয়েভারের জন্য আবেদন করতে পারবে।

তবে শর্ত থাকে যে,

- প্রতি পর্বে জিপিএ ৩.২৫ বজায় রাখতে হবে।
- প্রতি পর্বে উপস্থিতি ৮০% নিশ্চিত করতে হবে।
- পারিবারিক বার্ষিক আয়ের প্রমাণক আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

(৮) ড. মেসবাহউদ্দিন আহমেদ- মিসেস সানজিদা খানম স্কলারশীপ ফান্ড

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সম্মানিত চেয়ারম্যান অধ্যাপক ড. মেসবাহউদ্দিন আহমেদ ও তাঁর সহধর্মীনি মিসেস সানজিদা খানম কর্তৃক প্রদত্ত স্কলারশীপ ফান্ড এর আওতায় প্রতি সেমিস্টারে দুই জন শিক্ষার্থী টিউশন ফি'র ১০০% স্কলারশীপ প্রাপ্ত হবে।

আবেদনের শর্তাবলি-

- যদি কোনো শিক্ষার্থী আর্থিকভাবে অসচ্ছল হয়;
  অথবা
- ভর্তির পূর্বে বা ভর্তির পরে বাবা অথবা উপার্জণক্ষম ব্যক্তি মৃত্যুবরণ করে;
- বিগত সেমিস্টারে কমপক্ষে ৩.২৫ জিপিএ অর্জনকারী;
- বিগত পর্বে উপস্থিতি ৮০% থাকতে হবে;
- ১ জন ছাত্র ও ১ জন ছাত্রী শিক্ষার্থী এই স্কলারশীপ প্রাপ্ত হবে।

আবেদনের নিয়ম-

- প্রতি পর্বে নির্ধারিত সময়ে আবেদন আহ্বান করা হবে। সেই অনুযায়ী শিক্ষার্থীরা আবেদনপত্র সংগ্রহ করে আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় প্রমাণকসহ দাখিল করতে হবে।
- প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাই করে দুইজন শিক্ষার্থীকে স্কলারশীপ প্রদান করা হবে।

৬. স্কলারশীপ/ওয়েভার এর আবেদন যাচাই-বাছাই কমিটিঃ

ক) বিভাগভিত্তিক কমিটিঃ

স্কলারশীপ/ওয়েভার প্রাপ্ত যোগ্য শিক্ষার্থীরা তাঁদের স্ব স্ব বিভাগীয় প্রধান বরাবর আবেদন দাখিল করবে। আবেদনপ্রাপ্তির পর বিভাগীয় প্রধান নিম্নোল্লিখিত কমিটির মাধ্যমে আবেদনপত্র যাচাই-বাছাই করে বিশ্ববিদ্যালয়ের স্কলারশীপ/ওয়েভার আবেদন যাচাই-বাছাই কমিটির নিকট প্রেরণ করবে।

১)	সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান	- আহ্বায়ক
২)	সংশ্লিষ্ট বিভাগের জেষ্ঠ্যতম শিক্ষক	- সদস্য
৩)	সংশ্লিষ্ট বিভাগের একজন প্রভাষক	- সদস্য
৪)	ট্রেজারার কর্তৃক মনোনীত হিসাব শাখার একজন কর্মকর্তা	- সদস্য

খ) বিশ্ববিদ্যালয়ের স্কলারশীপ/ওয়েভার আবেদন যাচাই বাছাই কমিটিঃ

বিভাগভিত্তিক কমিটির যাচাই-বাছাইকৃত আবেদনসমূহ চূড়ান্ত যাচাই-বাছাই এর জন্য এই কমিটির নিকট প্রেরিত হবে। উক্ত কমিটি আবেদনপত্র যাচাই-বাছাই করে আবেদনকারী শিক্ষার্থীর আবেদনের বিষয়ে সিদ্ধান্ত প্রদান করবেন। যা পরবর্তী অর্থ কমিটির সভায় অনুমোদনের জন্য উত্থাপিত হবে।

১)	বিওটি চেয়ারম্যান বা মনোনীত প্রতিনিধি, সিসিএন ইউএসটি	- উপদেষ্টা
২)	উপাচার্য, সিসিএন-ইউএসটি	- উপদেষ্টা
৩)	ট্রেজারার, সিসিএন-ইউএসটি	- আহ্বায়ক
৪)	সকল ডিন, সিসিএন-ইউএসটি	- সদস্য
৫)	পরিচালক (অর্থ), সিসিএন-ইউএসটি	- সদস্য
৬)	সকল বিভাগীয় প্রধান, সিসিএন-ইউএসটি	- সদস্য
৭)	জনসংযোগ কর্মকর্তা, সিসিএন-ইউএসটি	- সদস্য
৮)	রেজিস্ট্রার	- সদস্য সচিব

৭. স্কলারশীপ/ওয়েভার প্রদান সংক্রান্ত সাধারণ নিয়মাবলিঃ

(১) স্কলারশীপ/ওয়েভার অব্যাহত রাখার জন্যে উপস্থিতির হার কমপক্ষে ৭৫% এবং সেমিস্টার ফাইনাল পরীক্ষায় কমপক্ষে ৩.২৫ থাকতে হবে। যদি কোনো সেমিস্টারে উল্লিখিত শর্ত পূরণ না হয়, তাহলে স্কলারশীপ/ওয়েভার বাতিল হবে।

(২) শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফরমে বিভিন্ন ধরণের স্কলারশীপ/ওয়েভারের জন্য আবেদন করতে হবে;

(৩) আবেদনপত্রের সাথে অবশ্যই প্রয়োজনীয় কাগজপত্র/প্রমাণক সংযুক্ত করতে হবে। প্রমাণক ব্যতীত স্কলারশীপ/ওয়েভারের আবেদন গ্রহণযোগ্য হবেনা।

(৪) একজন শিক্ষার্থী একসাথে/একসময়ে একাধিক স্কলারশীপ/ওয়েভার সুবিধা প্রাপ্ত হবেনা।

(৫) আবেদনের সময়ে দাখিলকৃত প্রমাণক/কাগজপত্র যদি ভবিষ্যতে জাল বা ভূয়া প্রমাণিত হয়, তাহলে উক্ত শিক্ষার্থীর স্কলারশীপ/ওয়েভার বাতিল হবে এবং শিক্ষার্থীকে স্কলারশীপ/ওয়েভারের সমপরিমাণ অর্থ ফেরৎ দিতে হবে।

(৬) স্কলারশীপ/ওয়েভার প্রাপ্ত কোনো শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা পরিপন্থী কোনো কর্মকান্ডে লিপ্ত হলে তাঁর স্কলারশীপ/ওয়েভার বাতিল হবে।

(৭) স্কলারশীপ/ওয়েভার এর আবেদনপত্রে বহিঃস্থ কোনো ধরণের সুপারিশ গ্রহণযোগ্য হবেনা। এ ধরণের সুপারিশ কোনো আবেদনে থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(৮) কোনো শিক্ষার্থী ভর্তির পর অধ্যয়নরত অবস্থায় বিভাগ পরিবর্তন করলে বিভাগ পরিবর্তনের সকল কার্যক্রম শেষে নতুন বিভাগে স্কলারশীপ/ওয়েভার এর জন্য পুনরায় আবেদন করতে হবে।

(৯) স্কলারশীপ/ওয়েভার শুধুমাত্র টিউশন ফি'র উপর প্রদান করা হবে। ভর্তি ফি, রেজিস্ট্রেশন ফিসহ অন্যান্য ফি'র উপর স্কলারশীপ/ওয়েভার প্রযোজ্য হবেনা।

- এই নীতিমালায় উল্লেখ নাই এমন কোনো বিষয়ে সিদ্ধান্তের প্রয়োজন হলে এই নীতিমালার অনুচ্ছেদ ৬(খ) অনুসারে গঠিত কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবে।
- এই নীতিমালায় কোনো বিষয় পরিবর্তন, পরিমার্জন, সংযোজন ও বিয়োজনের ক্ষমতা সিন্ডিকেট সংরক্ষণ করে।
- সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের 'স্টুডেন্ট স্কলারশীপ ও ওয়েভার প্রদান নীতিমালা' প্রনয়ণ কমিটি কর্তৃক প্রস্তাবিত এই নীতিমালাটি প্রয়োজনীয় সংশোধনীপূর্বক ১৫.০৯.২০২৩খ্রি. তারিখ অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের ১৫তম সিন্ডিকেট সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত বলে গৃহীত হলো।
- এই নীতিমালাটি ১লা জানুয়ারি ২০২৪খ্রি. তারিখ থেকে কার্যকর হবে।

(অধ্যাপক ড. মো. মিজানুর রহমান)
রেজিস্ট্রার, সিসিএন-ইউএসটি
এবং সদস্য সচিব, সিন্ডিকেট

(অধ্যাপক ড. মো. আলাউদ্দিন)
উপাচার্য, সিসিএন-ইউএসটি
এবং সভাপতি, সিন্ডিকেট